গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর,ঢাকা।
erd.gov.bd

"Transition Financing for Sustainable Graduation" শীর্ষক গবেষণাকর্মের Terms of Reference সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত

২৩ মে ২০২২: স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের ফলে উন্নয়ন অর্থায়নের উপর সৃষ্ট সম্ভাব্য অভিঘাত মোকাবেলায় উত্তরণ সংক্রান্ত জাতীয় কমিটির দিক নির্দেশনায় এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)-এর এসএসজিপি প্রকল্পের কারিগরি সহায়তায় "Transition Financing for Sustainable Graduation" শীর্ষক একটি গবেষণাকর্ম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ইতোমধ্যে উক্ত গবেষণাকর্মের একটি খসড়া Terms of Reference (ToR) প্রণয়ন করা হয়েছে। উক্ত Terms of Reference টি পর্যালোচনার জন্য গত ১৯ মে ২০২২ তারিখ ইআরডি-এর এনইসি-২ সম্মেলন কক্ষে একটি কর্মশালা আয়োজন করা হয়।

"Transition Financing for Sustainable Graduation" শীর্ষক গবেষণাকর্মের Terms of Reference সংক্রান্ত কর্মশালায় বক্তব্য রাখছেন অংশগ্রহণকারীবৃন্দ

কর্মশালায় সভাপতিত্ব করেন অতিরিক্ত সচিব ও ইআরডি- এর এডিবি অনুবিভাগের অনুবিভাগ প্রধান ড. পিয়ার মোহাম্মদ। উদ্বোধনী বক্তব্য প্রদান করেন অতিরিক্ত সচিব ও ইআরডি-এর ডেভেলপমেন্ট ইফেকটিভনেস অনুবিভাগের অনুবিভাগ প্রধান জনাব ফরিদ আজিজ।

কর্মশালায় উক্ত খসড়া ToR টি প্রাথমিকভাবে পর্যালোচনা করা হয়েছে এবং ইআরডি-এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট হতে মতামত গ্রহণ করা হয়েছে।

এছাড়া উক্ত ToR টি ঐ একই দিন অনুষ্ঠিত Smooth Transition Strategy বা STS সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের সভায় উপস্থাপন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত সচিব ও ইআরডি-এর ডেভেলপমেন্ট ইফেকটিভনেস অনুবিভাগের অনুবিভাগ প্রধান জনাব ফরিদ আজিজ। সভায় খসড়া ToR টি নিয়ে প্রাথমিকভাবে পর্যালোচনা করা হয়েছে এবং ওয়ার্কিং গ্রুপের সদস্যদের নিকট হতে মতামত গ্রহণ করা হয়েছে।

উক্ত কর্মশালা ও ওয়ার্কিং গ্রুপের মতামতসমূহের উপর ভিত্তি করে ToR টি হালনাগাদ করা হবে।



STS সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের সভায় বক্তব্য রাখছেন অংশগ্রহণকারীবৃন্দ

স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণের প্রেক্ষাপটে উন্নয়ন অর্থায়নের বর্তমান উৎসসমূহ ছাড়াও বিকল্প কি কি ধরনের উৎসসমূহ আসন্ন সময়গুলোতে অন্বেষণ করা প্রয়োজন এবং সেসকল উৎসসমূহকে কাজে লাগানোর জন্য কি ধরনের নীতিপদ্ধতি অনুসরণ করা প্রয়োজন সে ব্যাপারে এই গবেষণা কার্যক্রম অত্যন্ত কার্যকরী পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করতে পারে।

সর্বোপরি উক্ত গবেষণা কর্মের ফলাফল ও পরামর্শসমূহ একটি সম্যক ও স্বয়ংসম্পূর্ণ Smooth Transition Strategy প্রণয়নে সহায়তা করবে বলে আশা করা যায়।